গাংনীতে বিএনপি নেতা জাফরের বিরুদ্ধে দুই গ্রামবাসীর মানববন্ধন

গ্রামবাসীকে হয়রানির অভিযোগ তুলে মেহেরপুরের গাংনী উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক জাফর আকবরের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবিতে মানববন্ধন করেছে এলাকাবাসী।

রোববার বিকেলে উপজেলার মাইলমারি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে লক্ষীনারায়ণপুর ধলা ও মাইলমারি গ্রামের বাসিন্দাদের উদ্যোগে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। এতে বিএনপি নেতাকর্মীদের পাশাপাশি বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন। মানববন্ধনে বিপুল সংখ্যক নারীর উপস্থিতি ছিল লক্ষণীয়।

কাথুলী ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি আব্দুর রউফ মাস্টারের সভাপতিত্বে বক্তব্য রাখেন ৮ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক মো. বাবলু মিয়া, সাবেক সাধারণ সম্পাদক আমজাদ হোসেন এবং মাইলমারি গ্রামের ইউপি সদস্য কাবের আলীর স্ত্রীসহ অনেকে।

মানববন্ধনে বক্তারা অভিযোগ করেন, জাফর আকবর তার প্রভাব খাটিয়ে গ্রামবাসীর বিরুদ্ধে মিথ্যা মামলা দিয়ে হয়রানি করছেন। তারা দাবি করেন, তার কর্মকাণ্ডের কারণে সাধারণ মানুষ ভোগান্তিতে পড়ছেন।

এছাড়া বক্তারা আরও অভিযোগ করেন, তিনি ব্যক্তিস্বার্থে দলীয় ভাবমূর্তি ক্ষুণ্ন করছেন এবং অতীতে রাজনৈতিকভাবে বিতর্কিত কর্মকাণ্ডে জড়িত ছিলেন।

মানববন্ধনে বক্তারা জাফর আকবরের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা গ্রহণের জন্য দলের শীর্ষ নেতৃত্বের প্রতি আহ্বান জানান।

মহেশপুরে তিন ফসলী জমি রক্ষায় কৃষকদের মানববন্ধন

ঝিনাইদহের মহেশপুরে ৩ ফসলী জমি রক্ষায় মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে উপজেলার সাড়াতলা এলাকার তুষার সিরামিকস কারখানার সামনে এ কর্মসূচীর আয়োজন করে স্থানীয় কৃষকরা।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে সাড়াতলা, কৃষ্ণচন্দ্রপুর, পুরন্দরপুর গ্রামের কৃষকরা অংশ নেয়। ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে কৃষক রিপন হোসেন, লান্টু, অন্তর, মাসুদসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

কৃষকরা অভিযোগ করেন, তুষার সিরামিকস কারখানার বর্জ্য’র কারণে ওই এলাকার ফসলের ক্ষতি হচ্ছে। এছাড়াও কারখানার বিষাক্ত ধোয়ার কারণে গাছপালা ও ফসল নষ্ট হচ্ছে। সেই সাথে ধোয়ার কারণে অসুস্থ হচ্ছেন অনেকে।

এ নিয়ে দীর্ঘদিন ধরে প্রতিবাদ করা হলেও নতুন করে কারখানার পরিধি বাড়ানো হচ্ছে। কর্মসূচী থেকে এর প্রতিকার চান কৃৃষকরা।

গাংনীতে বিএনপি নেতা মুকুলের ওপর সন্ত্রাসী হামলার প্রতিবাদে মানববন্ধন

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের বিএনপি নেতা মুকুলের ওপর সন্ত্রাসী হামলার প্রতিবাদ ও জড়িত সকল আসামিকে গ্রেফতারের দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১১টার দিকে গাংনী হাসপাতাল বাজার সড়কের পাশে এ মানববন্ধন কর্মসূচি পালন করেন গাংনী উপজেলা মানবাধিকার কর্মীরা।

মানবাধিকার কর্মীদের সভাপতি ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান জুলফিকার আলি ভুট্টোর নেতৃত্বে মানববন্ধন অনুষ্ঠিত হয়। তিনি তার বক্তব্যে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে মুকুলকে হত্যার উদ্দেশ্যে গুলিবর্ষণকারী ও তার সহযোগীদের গ্রেফতারের দাবি জানান।

মানবাধিকার সংগঠনের সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন তার বক্তব্যে বলেন, “মুকুলকে যেভাবে গুলি করা হয়েছে, আমরা যদি ঐক্যবদ্ধ হয়ে এর প্রতিবাদ না গড়ে তুলি, তাহলে একের পর এক নিরীহ মানুষের রক্ত ঝরতে থাকবে। সন্ত্রাসীরা দিন দিন মাথাচাড়া দিয়ে উঠবে। তাই সবাইকে সোচ্চার হতে হবে।”

এ সময় উপস্থিত ছিলেন সাহারবাটি ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান আসমাতারা, মানবাধিকার কর্মীসহ সুশীল সমাজের ব্যক্তিবর্গ।

মেহেরপুরে মসজিদের টাকা আত্মসাৎ ও মাটি বিক্রির প্রতিবাদে মানবন্ধন

মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর চালতলাপাড়া জামে মসজিদের অর্থ আত্মসাৎ ও মসজিদের জমির মাটি অবৈধভাবে বিক্রির অভিযোগে কাজী হাবিবুর ইসলাম বাবলুর বিরুদ্ধে বিক্ষোভ সমাবেশ ও মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৬ এপ্রিল) সকাল ১১ টাই জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে আশরাফপুর চালতলাপাড়া জামে মসজিদ কমিটি ও এলাকাবাসীর উদ্যোগে এই মানববন্ধন কর্মসূচি পালন করা হয়।

মানববন্ধনে বক্তারা অভিযোগ করে বলেন, কাজী হাবিবুর ইসলাম বাবলু দীর্ঘদিন ধরে মসজিদের অর্থ আত্মসাৎ করে আসছেন। সম্প্রতি তিনি মসজিদের জমির মাটি অবৈধভাবে বিক্রি করে সেই অর্থও আত্মসাৎ করেছেন বলে দাবি করা হয়। ধর্মীয় প্রতিষ্ঠানের সম্পদ নিয়ে এমন অনিয়ম

কোনোভাবেই মেনে নেওয়া যায় না। অবিলম্বে এই ঘটনার সুষ্ঠু তদন্ত করে অভিযুক্তের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি জানান তারা।

আশরাফপুর চালতলাপাড়া জামে মসজিদ কমিটির সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম জাহিদ বলেন, মসজিদের অর্থ আত্মসাৎ ও জমির মাটি বিক্রির মতো অভিযোগ অত্যন্ত দুঃখজনক।

আমরা চাই সুষ্ঠু তদন্তের মাধ্যমে প্রকৃত সত্য উদঘাটিত হোক এবং দোষীদের বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হোক।

আরও বক্তব্য রাখেন, বীর মুক্তিযোদ্ধা সিরাজুল হক,আমদাহ ইউনিয়নের সেচ্ছাসেবক দলেন সম্পাদক মেহেদী হাসান জনি, তুষার, জাহিদ, ইব্রাহিম হোসেন ও আব্দুল্লাহ আল মামুন।

ইবতেদায়ী মাদ্রাসা জাতীয়করণের ঘোষণা বাস্তবায়নের দাবীতে ঝিনাইদহে মানববন্ধন

সারাদেশের স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা জাতীয়করণের ঘোষণা বাস্তবায়নের দাবীতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

বুধবার সকালে ঝিনাইদহ জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এ কর্মসূচীর আয়োজন করে স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষক ঐক্যজোট।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে জেলার বিভিন্ন উপজেলার ইবতেদায়ী মাদ্রাসাসহ জোটের নেতৃবৃন্দ অংশ নেয়। ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে সংগঠনটির জেলা শাখার সভাপতি আনোয়ার হোসেন, সাধারণ সম্পাদক ফাতিমা ফারহানা, মহিলা বিষয়ক সম্পাদক মিনারা খাতুন, কালীগঞ্জ উপজেলা শাখার অর্থ সম্পাদক আব্দুর রহিম, শিক্ষক নেতা আল মিরাজ, আসাদুজ্জামানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, শিক্ষকদের দীর্ঘদিনের আন্দোলনের অংশ হিসেবে গত বছরের ২৮ জানুয়ারি অর্ন্তবর্তীকালীন সরকার ইবতেদায়ী মাদ্রাসা জাতীয়করণের ঘোষণা দিলেও আজও তা বাস্তবায়ন করা হয়নি। শিক্ষকদের আর্থিক অবস্থা বিবেচনা করে দ্রুত এ ঘোষণা বাস্তবায়নের দাবী জানান তারা।

জাতীয় যুব দিবস ঘোষণার দাবিতে মেহেরপুরে মানববন্ধন ও কর্মীসভা

১৮ এপ্রিলকে জাতীয় যুব দিবস ঘোষণার দাবিতে মেহেরপুর জেলা যুব ইউনিয়নের উদ্যোগে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। একই সঙ্গে একটি কর্মীসভাও অনুষ্ঠিত হয়।

শুক্রবার আয়োজিত মানববন্ধনে বক্তারা বলেন, দেশের উন্নয়ন ও অগ্রগতিতে যুব সমাজের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই যুবদের স্বীকৃতি দিতে ১৮ এপ্রিলকে জাতীয় যুব দিবস হিসেবে ঘোষণা করা জরুরি।

মানববন্ধন শেষে যুবনেতা অ্যাডভোকেট মিজানুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মীসভায় সংগঠনের বিভিন্ন কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন রাজন, পাভেল, মাফুজ, উষা, ঝন্টু, মনিরুল, সায়েমসহ সংগঠনের অন্যান্য সদস্যরা।

ঝিনাইদহে তামাকাজাত নিয়ন্ত্রন অধ্যাদেশ আইনে রূপান্তরের দাবীতে মানববন্ধন

ধুমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার অধ্যাদেশ আইনে রূপান্তরের দাবীতে ঝিনাইদহে র্যালী ও মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

রোববার (৫ এপ্রিল) সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে তামাকবিরোধী নারী জোট’র পক্ষ থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পায়রা চত্বরে গিয়ে শেষ হয়। পরে সেখানে অনুষ্ঠিত হয় মানবন্ধন। এতে জোটের নেতৃবৃন্দ ছাড়াও মানবাধিকার কর্মী, উন্নয়ন কর্মীসহ নানা শ্রেনী পেশার মানুষ অংশ নেয়।

সেসময় উই’র পরিচালক শরিফা খাতুন, জেলা বিএনপির সহ-সভাপতি আনোয়ারুল ইসলাম বাদশা, জেলা যুবদলের সভাপতি আহসান হাবিব রনক, পৌর বিএনপির সাধারণ সম্পাদক মাহবুবুর রহমান শেখর, মহিলা দলের সাবেক সাধারণ সম্পাদক তহুরা খাতুন, উন্নয়ন কর্মী হায়দার আলী, ব্রাক প্রতিনিধি শিপ্রা বিশ্বাসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা, জনস্বাস্থ্য সুরক্ষায় ধূমপান ও তামাকজাত দ্রব্যের ক্ষতিকর প্রভাব দিন দিন বাড়ছে উল্লেখ করে বিদ্যমান অধ্যাদেশকে দ্রুত আইনে রূপান্তর করে কার্যকর বাস্তবায়নের দাবি জানান। একই সঙ্গে তামাক নিয়ন্ত্রণে কঠোর পদক্ষেপ গ্রহণ ও জনসচেতনতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন।

কুষ্টিয়া কোর্ট স্টেশন প্ল্যাটফর্ম উন্নয়নের দাবিতে

[redacted]

[redacted]

[redacted]

[

কাজ বাস্তবায়ন করতে হবে। পাশাপাশি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দ্রুত হস্তক্ষেপ কামনা করেছেন তারা।

সংগঠনের পক্ষ থেকে জানানো হয়, সাধারণ মানুষের ভোগান্তি লাঘবে এ দাবি আদায় না হওয়া পর্যন্ত তারা আন্দোলন চালিয়ে যাবেন।

এ কর্মসূচিতে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশগ্রহণ করেন।

ঝিনাইদহে নিত্যপণ্যের মূল্যবৃদ্ধির প্রতিবাদে মানববন্ধন

অসাধু ব্যবসায়ীদের কারসাজিতে নিত্যপণ্যের মূল্যবৃদ্ধির প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।সোমবার সকালে শহরের পায়রা চত্বরে এ কর্মসূচির আয়োজন করে কনজুমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)।

বিশ্ব ভোক্তা অধিকার দিবস উপলক্ষে আয়োজিত এই কর্মসূচীতে ক্যাবের সভাপতি এন এম শাহজালাল, সাধারণ সম্পাদক শরিফা খাতুন, জেলা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক নিশাত মেহেরসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, অসাধু ব্যবসায়ীদের কারসাজিতে নিত্যপণ্যের দাম বেড়ে সাধারণ মানুষের নাভিশ্বাস উঠেছে। বাজার নিয়ন্ত্রণে প্রশাসনের কার্যকর পদক্ষেপ এবং ভোক্তা অধিকার নিশ্চিতে আরও তদারকির দাবি জানান তারা।

ঝিনাইদহে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতা হত্যার বিচারের দাবীতে মানববন্ধন

ঝিনাইদহে তেল পাম্পে তেল কেনা নিয়ে বাক-বিতন্ডার জেরে কর্মচারীদের পিটুনিতে নিহত বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সাবেক যুগ্ম মুখ্য সংগঠক ফারদিন আহম্মেদ নিরব হত্যার বিচারের দাবীতে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

মঙ্গলবার (১০ মার্চ) সকালে শহরের পায়রা চত্বরে এ কর্মসূচীর আয়োজন করে সম্মিলিত ছাত্র ঐক্য।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতৃবৃন্দ, নিহত নিরব হোসেনের স্বজন ও ছাত্ররা অংশ নেয়। সেসময় সাবেক ছাত্রনেতা মেহেদী হাসান রাজু, ছাত্র মজলিসের সভাপতি উসামা হক, ইসলামী ছাত্র আন্দোলনের জেলা সভাপতি আব্দুর রহমানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা, ছাত্র নেতা নিরব হত্যার প্রতিবাদ জানিয়ে জড়িতদের দৃষ্টান্তমুলক শাস্তির দাবী করেন। একই সাথে বাসে আগুন দেওয়ার ঘটনায় আটক বৈষম্য বিরোধী ছাত্র-আন্দোলনের ৭ নেতাকর্মীর মুক্তি দাবী করেন এবং টার্মিনালে গাড়ি পোড়ানোর সিসিটিভির ভিডিও ফুটেজ জনসমুখ্যে আনার দাবী জানান।

উল্লেখ, গত শনিবার রাতে শহরের কেন্দ্রীয় বাস টার্মিনাল এলাকার তাজ ফিলিং স্টেশনে পেট্রোল কেনা নিয়ে বাক-বিতন্ডার জেরে কর্মচারীদের পিটুনিতে নিহত হয় বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন ঝিনাইদহের যুগ্ম মুখ্য সংগঠক ফারদিন আহম্মেদ নিরব। এ ঘটনায় বিক্ষুব্ধ ছাত্র-জনতা একটি পাম্প ও কেন্দ্রীয় বাস টার্মিনালে ৩ টি বাসে আগুন ধরিয়ে দেয়। এখন পর্যন্ত হত্যায় জড়িত থাকার অভিযোগে ৩ জন ও তেল পাম্প এবং বাসে আগুন দেওয়ার ঘটনায় ৭ জনকে আটক করেছে পুলিশ।